| ক্ষুধা | বুভুক্ষা ভোজনেচ্ছা। | ০ | ০ | ০ |
| পরিপাক | জীর্ণ, পক্বতা, পরিণাম। | পরি | পচ | ঘঞ |
| রুগ্ন | পীড়িত, রোগগ্রস্ত। | ০ | রুজ | ক্ত |
| ঔদরিক * | উদরপরায়ণ, কুক্ষিম্ভরি, পেটুক। | ০ | ০ | ০ |
| সুখসাধন | সুখোপায়। | ০ | ০ | ০ |
| আকর | খনি, উৎপত্তি স্থান। | আ | কৃ | অল |
| মত্ত | অজ্ঞান, চৈতন্যবর্জ্জিত। | ০ | মদ | ক্ত |
| বিচলিত | চঞ্চল, অস্থির। | বি | চল | অনট |
| হত্যা | বধ, প্রাণহিংসা। | ০ | হন | ক্যপ |
| পাগল | ক্ষিপ্ত, উন্মত্ত, বাতুল। | ০ | ০ | ০ |
| সুরাসেবন | মদ্যপান। | ০ | ০ | ০ |
| বুদ্ধিভ্রষ্ট | মতিচ্ছন্ন, প্রজ্ঞা শূন্য। | বুদ্ধি | ভ্রন্শ | ক্ত |
| মাতাল | মদ্যপায়ী, মদবিহ্বল। | ০ | ০ | ০ |

## লুইকর্ণারো।

| শব্দ। | প্রতিশব্দ। | উপসর্গাদি। | ধাতু। | প্রত্যয়। |
|---|---|---|---|---|
| অধিকমাত্রা | অধিক পরিমাণ। | অধিক | মা | ত্র |
| চিকিৎসক | বৈদ্য, ভিষক, পীড়াপ্রতিকারক। | ০ | ০ | ০ |
| পরিশেষ | শেষ, চরম, পরিণাম। | পরি | শিষ | ঘঞ |

* উদর শব্দোত্তর ষ্ণিক প্রত্যয়ে—ঔদরিক।

| শব্দ। | প্রতিশব্দ। | উপসর্গাদি। | ধাতু। | প্রত্যয়। |
|---|---|---|---|---|
| অতিভোজন | অপরিমিতাহার, নিয়মাতিরিক্ত খাওয়া। | অতি | ভুজ | অনট |
| সপ্ততিবর্ষ | সত্তর বৎসর। | ০ | ০ | ০ |
| বাহু | কর, হস্ত, পাণি। | ০ | ০ | ০ |
| পটু | সবল, দক্ষ, নিপুণ। | ০ | ০ | ০ |
| ক্লিষ্ট | ক্লেশযুক্ত, পরিশ্রান্ত। | ০ | ক্লিশ | ক্ত |
| অব্যাহত | নির্ব্বিঘ্ন, ব্যাঘাৎ শূন্য। | নঞ,বি,আ | হন | ক্ত |
| নাটক | গদ্য পদ্যময় রচনা। | ০ | ০ | ০ |
| অষ্টনবতি | আটানব্বই। | ০ | ০ | ০ |
| মূল | কারণ, হেতু, গোড়া। | ০ | ০ | ০ |
| সৌভাগ্য* | শুভাদৃষ্ট, উত্তম ভাগ্য। | ০ | ০ | ০ |
| অসুস্থ | সুখরহিত, রুগ্ন। | নঞ,সু | স্থা | ক |
| হতভাগা | দুর্ভাগ্য, মন্দদৃষ্ট। | ০ | ০ | ০ |
| জীবন্মৃত | জীবদ্দশায়মৃতপ্রায়,মৃতকল্প। | জীব | মৃ | ক্ত |
| বিড়ম্বনা | ক্লেশ, দুঃখ, কষ্ট। | ০ | ০ | ০ |
| হীনবীর্য্য | দুর্ব্বল, বলহীন। | ০ | ০ | ০ |
| বিচেতন | অজ্ঞান, জ্ঞানশূন্য। | বি | চিত | অনট |
| পাকস্থলী | জীর্ণস্থান, পাকস্থান। | ০ | ০ | ০ |
| অচিকিৎস্য | অপ্রতিকার্য্য। | নঞ | কিত | য |
| আত্মঘাতী | আত্ম বিনাশক, আত্মহত্যাকারী | আত্ম | হন | ণীন |

* সুভগ শব্দোত্তর ষ্ণ্য প্রত্যয়ে—সৌভাগ্য

| শব্দ। | প্রতিশব্দ। | উপসর্গাদি। | ধাতু। | প্রত্যয়। |
|---|---|---|---|---|
| অহোরাত্র | দিবা নিশি। | ০ | ০ | ০ |
| বিশুদ্ধবায়ু | পরিষ্কৃত বায়ু। | ০ | ০ | ০ |
| সঞ্চার | গতি, চলন। | সং | চর | ঘঞ |
| অন্ততঃ | ন্যূনকল্প, নিকৃষ্টকল্প। | ০ | ০ | ০ |
| নির্দ্দোষ | নিষ্কলঙ্ক। | নির্ | দুষ | ঘঞ |
| আমোদপ্রমোদ | আহ্লাদ, আমোদ। | ০ | ০ | ০ |
| আর্দ্র | সজল, ভিজা। | ০ | ০ | ০ |

## স্বাস্থ্য রক্ষায় অমনোযোগী এক যুবা পুরুষ।

| শব্দ। | প্রতিশব্দ। | উপসর্গাদি। | ধাতু। | প্রত্যয়। |
|---|---|---|---|---|
| সায়ংকাল | সায়াহ্ন, সন্ধ্যাবেলা। | ০ | ০ | ০ |
| নাট্যশালা | নৃত্যগৃহ, নাট্যমন্দির, নাচঘর। | ০ | ০ | ০ |
| ঔষধ | ভৈষজ্য, রোগনাশক দ্রব্য। | ০ | ০ | ০ |
| শান্তি | উপশম, আরোগ্য। | ০ | শম | ক্তি |
| তত্ত্বাবধারণ | রক্ষণাবেক্ষণ, কর্তৃত্ব, যথার্থ নিশ্চয়। | তত্ত্ব, অব | ধৃ | অনট |
| বিশৃঙ্খলা | ব্যাঘাৎ, বিঘ্ন, গোলযোগ। | ০ | ০ | ০ |
| নিশ্চিন্ত | সুস্থির, উদ্বেগ শূন্য। | ০ | ০ | |
| যথানিয়ম | বিধি অনুযায়ী। | ০ | ০ | ০ |
| কর্ম্মস্থান | কার্য্যালয়। | কর্ম্ম | স্থা | অনট |
| গলা | গলদেশ, কণ্ঠ, দ্রবীভূত। | ০ | ০ | ০ |

| শব্দ। | প্রতিশব্দ। | উপসর্গাদি। | ধা, তু। | প্রত্যয়। |
|---|---|---|---|---|
| হিম | তুষার, শিশির, শীতল। | ০ | ০ | ০ |
| শীতল বাতাস | স্নিগ্ধ বায়ু, শৈত্যানিল। | ০ | ০ | ০ |
| স্বরবদ্ধ | কণ্ঠশব্দ নিবৃত্ত। | ০ | বন্ধ | ক্ত |
| বাক্যরোধ | বাক্য রহিত, কথা বন্ধ। | বাক্ | রুধ | ঘঞ্ |
| পূর্ব্বাপর | আদ্যোপান্ত, আগাগোড়া। | ০ | ০ | ০ |
| ক্ষত | ঘা, ব্রণ, | ০ | ০ | ০ |
| কার্য্যদক্ষ | কার্য্যক্ষম, কর্ম্মঠ। | ০ | ০ | ০ |
| অপরিশুষ্ক | আর্দ্র, ভিজা। | নঞ্, পরি | শুষ | ক্ত |
| অল্পায়াস-প্রতিবিধেয় | সামান্য পরিশ্রম সংসাধ্য, অল্পশ্রম নিষ্পাদ্য। | ০ | ০ | ০ |
| অনিষ্টাপাত | অশুভ ঘটনা। | ০ | ০ | ০ |
| প্রতিবিধান | প্রতিকার, উপশম। | প্রতি, বি | ধা | অনট্ |
| সহিষ্ণুতা | ক্ষমা, সহ্য, তিতিক্ষা। | ০ | ০ | ০ |
| প্রশংসা | সুখ্যাতি, প্রতিষ্ঠা, শ্লাঘা। | প্র | শন্স | অ |
| ইষ্ট | বাঞ্ছিত, অভিলষিত। | ০ | ইষ | ক্ত |
| উপগত | আয়ত্ত, হস্তপ্রাপ্ত। | উপ | গম | ক্ত |
| দুষ্ট স্বভাব | দুষ্ট প্রকৃতি। | ০ | ০ | ০ |
| বিসর্জ্জন | পরিত্যাগ, দান। | বি | সৃজ | অনট্ |
| মূল্য | দাম, দ্রব্যের পণ। | ০ | ০ | ০ |
| চতুর | বিচক্ষণ, কার্য্যদক্ষ। | ০ | ০ | ০ |
| বণিক | বাণিজ্যকারী, ব্যবসায়ী। | ০ | ০ | ০ |

# নেপলিয়ন্ বনাপার্ট।

| শব্দ। | প্রতিশব্দ। | উপসর্গাদি। | ধাতু। | প্রত্যয়। |
|---|---|---|---|---|
| সেনা সম্পর্কীয় | সৈন্য সম্বন্ধীয়, ফৌজ সম্বন্ধীয়। | ০ | ০ | ০ |
| যুদ্ধবিদ্যা | সংগ্রাম বিদ্যা। | ০ | ০ | ০ |
| মুগ্ধ | মোহান্বিত, জ্ঞানশূন্য | ০ | মুহ্ | ক্ত |
| সম্রাট্ | চক্রবর্ত্তী, একাধিপতি। | ০ | ০ | ০ |
| দুরাকাংক্ষা | দুরভিপ্সা, দুরাশ্বাস। | ০ | ০ | ০ |
| ইয়ত্তা | পরিমাণ, সীমা, সংখ্যা। | ০ | ০ | ০ |
| সংকল্প | মানস, বাঞ্ছা, অভিলাষ। | ০ | ০ | ০ |
| একাধিপত্য | সাম্রাজ্য, রাজচক্রবর্ত্তীত্ব। | ০ | ০ | ০ |
| যুদ্ধানল | সমর হুতাশন, যুদ্ধরূপ অগ্নি। | ০ | ০ | ০ |
| রাজ্যভ্রষ্ট | রাজ্যচ্যুত, অধিকার ভ্রষ্ট। | রাজ্য | ভ্রন্শ | ক্ত |
| পরাজিত | পরাভূত, অবিজিত। | পরা | জি | ক্ত |
| বশ | অধীন, আয়ত্ত। | ০ | ০ | ০ |
| ঐকমত্য* | সম্মতি, একতা। | ০ | ০ | ০ |
| কারারুদ্ধ | কারাবদ্ধ, জেলবদ্ধ। | কারা | রুধ | ক্ত |
| কুল | বংশ, অন্বয়, সমূহ। | ০ | ০ | ০ |
| বুদ্ধিবল | প্রজ্ঞাপ্রভাব। | ০ | ০ | ০ |
| পরাজয় | পরাভব, হারণ। | পরা | জি | অল্ |
| কারাগার | বন্ধনশালা, জেল। | ০ | ০ | ০ |
| অকণ্টক | নির্ব্বিঘ্ন, অব্যাঘাত, নিরাপদ। | ০ | ০ | ০ |

* একমত শব্দোত্তর ষ্ণ্য প্রত্যয়ে—ঐকমত্য।

## মিতব্যয়িতা।

| শব্দ। | প্রতিশব্দ। | উপসর্গাদি। | ধাতু। | প্রত্যয়। |
|---|---|---|---|---|
| উচ্ছিন্ন | উদ্ধাতীত, উচ্ছিন্ন। | উদ্ | ছিদ্ | ক্ত |
| রিক্তহস্ত | শূন্যহস্ত, অর্থবর্জ্জিত। | ০ | ০ | ০ |
| ঋণগ্রস্ত | ঋণী, অধমর্ণ, ধারণ্য। | ০ | ০ | ০ |
| কল্প | কৌশল, উপায়। | ০ | ০ | ০ |
| সঞ্চয় | সংগ্রহ, সঞ্চিত। | সম্ | চি | অল্ |
| অসাধুতা* | অভদ্রতা, অসৌজন্য। | ০ | ০ | ০ |
| নির্ব্বুদ্ধিতা | প্রজ্ঞারহিতত্ব, মূঢ়ত্ব। | ০ | ০ | ০ |
| তদুপলক্ষ | তৎকারণ, তৎসূত্র। | ০ | ০ | ০ |
| অপব্যয় | অনর্থকব্যয়, মিথ্যা খরচ। | অপ | ব্যো | অল্ |
| পণ্ডশ্রম | বৃথাশ্রম, অনর্থক আয়াস। | ০ | ০ | ০ |

## প্রধান প্রধান লোকের মিতব্যয়িতা।

| শব্দ। | প্রতিশব্দ। | উপসর্গাদি। | ধাতু। | প্রত্যয়। |
|---|---|---|---|---|
| মিতব্যয়ী | ন্যায্য ব্যয়ী, উপযুক্ত ব্যয়ী | মিত | ব্যো | ণীন |
| পরিপাটী | উত্তমতা, সৌন্দর্য্য। | ০ | ০ | ০ |
| দোকান | বিপণী, পণ্যালয়। | ০ | ০ | ০ |

* অসাধু শব্দোত্তর তা প্রত্যয়ে---অসাধুতা।

| শব্দ। | প্রতিশব্দ। | উপসর্গাদি। | ধাতু। | প্রত্যয়। |
|---|---|---|---|---|
| প্রতাপ | পরাক্রম, তেজঃ। | প্র | তপ | ঘঞ |
| কুণ্ঠিত | কাতরাপন্ন, ব্যাকুলিত। | ০ | ০ | ০ |

## দয়া

| শব্দ। | প্রতিশব্দ। | উপসর্গাদি। | ধাতু। | প্রত্যয় |
|---|---|---|---|---|
| অতিক্রম | উল্লংঘন। | অতি | ক্রম | অল |
| দুঃসাধ্য | দুষ্কর, অসাধ্য। | দুর্ | সাধ | য |
| কল্পনা | মানস, অভিপ্রায়। | ০ | ০ | ০ |
| বিফল | নিষ্ফল, ব্যর্থ। | বি | ফল | অল |
| নিতান্ত | অতিশয়, অত্যন্ত। | ০ | ০ | ০ |
| অপ্রতুল | অনাটন, অকুলান। | ০ | ০ | ০ |
| অনির্ব্বচনীয় | বাক্‌পথাতীত, বাক্য দ্বারা অপ্রকাশ্য। | অনির্ | বচ | অনীয় |
| পৈতৃক * | পিতৃসম্বন্ধীয়, পূর্ব্ব-পুরুষ সম্পর্কীয়। | ০ | ০ | ০ |
| নিযোজিত | ভৃত্য, নিযুক্ত করা হইয়াছে যাহাকে। | নি | যু | ক্ত |
| পরস্বহারী | চৌর, তস্কর, পরধ-নাপহারক। | পর, স্ব | হৃ | ইন |

* পিতৃ শব্দোত্তর কণ প্রত্যয়ে—পৈতৃক।

## জন হাউয়ার্ড।

| শব্দ | প্রতিশব্দ। | উপসর্গাদি। | ধাতু। | প্রত্যয়। |
|---|---|---|---|---|
| মোচন | দূরীকরণ, নিবারণ, খোলা। | ০ | মুচ্ | অনট্ |
| কৃতসংকল্প | কৃতমানস, কৃতাভিপ্রায়। | ০ | ০ | ০ |
| পর্য্যটন | ভ্রমণ, বিচরণ। | পরি | অট | অনট |
| স্বব্যয় | নিজ খরচ, আত্মব্যয়। | ০ | ০ | ০ |
| অবৈতনিক * | বেতন শূন্য, দাতব্য। | ০ | ০ | ০ |
| আয় | লাভ, উপস্বত্ব। | ০ | ০ | ০ |
| রোগমুক্ত | আরোগ্য, আরাম। | রোগ | মুচ | ক্ত |
| সংক্রামক | স্থানান্তর গমনশীল, সংস্পর্শক, ছোঁয়াচে। | সং | ক্রম | ণক |
| নাথ | স্বামী, প্রভু। | ০ | ০ | ০ |
| রোগাক্রান্ত | পীড়া বিশিষ্ট, রুগ্ন। | ০ | ০ | ০ |
| রোগশান্তি | পীড়ানাশ, রোগোপশম। | ০ | ০ | ০ |
| আলয় | আশ্রয়, ভবন, নিকেতন। | ০ | ০ | ০ |
| আক্রান্ত | অভিভূত, আক্রমিত। | আ | ক্রম | ক্ত |

---

## সর ফিলিপ সিডনি।

| শব্দ। | প্রতিশব্দ। | উপসর্গাদি। | ধাতু। | প্রত্যয়। |
|---|---|---|---|---|
| কবি | কাব্য রচয়িতা, পণ্ডিত। | ০ | ০ | ০ |

---

* অবেতন শব্দোত্তর ষ্ণিক প্রত্যয়ে—অবৈতনিক।

| শব্দ। | প্রতিশব্দ। | উপসর্গাদি। | ধাতু। | প্রত্যয় |
|---|---|---|---|---|
| স্বসমকালীন লোক। | স্বকীয় সময়স্থিত লোক। | ০ | ০ | ০ |
| শিবির | সেনানিবেশ, পটমণ্ডপ, ছাউনি। | ০ | ০ | ০ |
| অতৃষ্ণনয়ন. | নিমেষশূন্য লোচন, একদৃষ্টি। | ০ | ০ | ০ |
| চিরস্মরণীয় | চিরস্মরণার্হ। | চির | স্মৃ | অণ |
| মুমূর্ষু | মৃতকল্প, মৃতপ্রায়। | ০ | মৃ | সন |
| গৌরব | প্রশংসা, সুখ্যাতি। | ০ | ০ | ০ |
| বিস্মৃত | ভ্রান্ত। | বি | স্মৃ | ক্ত |

## টাইস্ ও ক্রোধ সম্বরণ ক্ষমা।

| শব্দ। | প্রতিশব্দ। | উপসর্গাদি। | ধাতু। | প্রত্যয় |
|---|---|---|---|---|
| প্রজা | অধিকারস্থ জন, সন্তান। | প্র | জন | ড |
| সৎকর্ম্ম | ন্যায্যকার্য্য, উত্তম কর্ম্ম। | সৎ | কৃ | মন |
| বিপরীত | বিপর্য্যয়, উল্টা। | বি, পরি | ইন | ক্ত |
| উপযোগিতা | আবশ্যকতা, প্রয়োজন। | ০ | ০ | ০ |
| অনাদর | অবজ্ঞা, অসম্মান। | নঞ, আ | দৃ | অল |
| ক্রোধোদয় | রাগাবির্ভাব, কোপ প্রকাশ। | ০ | ০ | ০ |
| পরিগণিত | গণ্য, সংখ্যাত। | পরি | গণ | ক্ত |
| বৈর | শত্রু, বিপক্ষ। | ০ | ০ | ০ |
| ভর্ৎসনা | তিরস্কার, লাঞ্ছনা। | ০ | ০ | ০ |
| রীতি | প্রথা, ধারা, প্রণালী। | ০ | ০ | ০ |

| শব্দ। | প্রতিশব্দ। | উপসর্গাদি। | ধাতু। | প্রত্যয়। |
|---|---|---|---|---|
| তর্জ্জনগর্জ্জন | আস্ফালন, কটুবাক্য। | ০ | ০ | ০ |
| সারবৎবাক্য | উপদেশবাক্য। | ০ | ০ | ০ |
| ক্রোধবশ | রাগসম্বরণ। | ক্রোধ | বশ | অল |
| ক্ষমাবান্ | সহিষ্ণু, সহনশীল। | ০ | ক্ষম | বতু |
| ক্ষমা। | মার্জ্জনা, সহ্য, শান্তি। | ০ | ০ | ০ |

## সক্রেটিস

| শব্দ। | প্রতিশব্দ। | উপসর্গাদি। | ধাতু। | প্রত্যয়। |
|---|---|---|---|---|
| ইঙ্গিত | সঙ্কেত, ইশারা, ঠার। | ০ | ০ | ০ |
| সম্বরণ | দমন, গোপন, সহ্য। | সং | বৃ | অনট |
| প্রতিনমস্কার | প্রণাম পরিবর্ত্ত প্রণাম। | প্রতি,নমস্ | কৃ | ঘঞ |
| সম্ভাষণ | আলাপন, কথন। | সং | ভাষ | অনট |
| প্রতিফল | শাস্তি, দণ্ড। | প্রতি | ফল | অল |
| পরাকাষ্ঠা | শেষসীমা, পর্যান্ত, উৎকর্ষতা। | ০ | ০ | ০ |
| বনিতা | স্ত্রী, কলত্র, ভার্য্যা। | ০ | ০ | ০ |
| কন্দলানুরাগ | বিবাদ পরবশ, কুন্দুলিয়া। | কন্দল,অনু | রঞ্জ | ঘঞ |
| কদর্য্যস্বভাব | কুৎসিত প্রকৃতি, কুস্বভাব। | কদর্য্য,স্ব | ভূ | ঘঞ |
| কটূক্তি | কর্কশ বাক্য, অপ্রিয় কথা। | কটু | বচ | ক্তি |
| উত্তেজনা | উদ্দীপন,ব্যগ্রতাকরণ,ওষকান। | উৎ | তিজ | অনট |
| উপেক্ষা | অবজ্ঞা, অবহেলা, তাচ্ছল্য। | উপ | ঈক্ষ | ঘঞ |

## এব্‌রেট্‌।

| শব্দ। | প্রতিশব্দ। | উপসর্গাদি। | ধাতু। | প্রত্যয়। |
|---|---|---|---|---|
| অযত্ন | অশ্রদ্ধা, অনাদর। | নঞ | যত | ক্ত |
| পুত্রবধূ | স্নুষা, আত্মজ-বনিতা। | ০ | ০ | ০ |
| পৌত্র | সন্তান সুত, পুত্র-পুত্র। | ০ | ০ | ০ |
| নির্ব্বিবাদ | নির্ব্বিঘ্ন, নিষ্কলহ, নিষ্কণ্টক। | নির | বদ | ঘঞ |

## সুশীলতা।

| শব্দ। | প্রতিশব্দ। | উপসর্গাদি। | ধাতু। | প্রত্যয়। |
|---|---|---|---|---|
| গর্ব্বিত | অহঙ্কৃত, প্রগলভান্বিত। | ০ | ০ | ০ |
| উদ্ধত | উগ্রস্বভাব, প্রচণ্ড প্রকৃতি। | উৎ | ধা | ক্ত |
| অনিচ্ছা | অনভিলাষ, অনীপ্সা। | ০ | ০ | ০ |
| প্রসন্ন | সন্তুষ্ট, দয়ান্বিত। | প্র | সদ | ক্ত |

## আলফন্সো।

| শব্দ। | প্রতিশব্দ। | উপসর্গাদি। | ধাতু। | প্রত্যয়। |
|---|---|---|---|---|
| ইদানীন্তন | অধুনাতন, এক্ষণে। | ০ | ০ | ০ |
| অনুরাগ | শ্রদ্ধা, ভক্তি, প্রীতি, প্রশংসা। | অন | রঞ্জ | ঘঞ |
| জাহাজ | অর্ণবযান, সামুদ্রিক পোত। | ০ | ০ | ০ |
| অধিকারী | স্বামী, প্রভু। | ০ | ০ | ০ |

| শব্দ। | প্রতিশব্দ। | উপসর্গাদি। | ধাতু। | প্রত্যয়। |
|---|---|---|---|---|
| প্রতিদ্বন্দ্বী | প্রতিবাদী, প্রতিপক্ষ। | ০ | ০ | ০ |
| ফলোপধায়ক. | ফলজনক, হিতকারক। | ফল,উপ | ধে | ণক |
| উন্মত্ত | ক্ষিপ্ত, পাগল। | উৎ | মদ | ক্ত |

## পরদ্রব্য বিষয়িণী ন্যায়পরতা।

| শব্দ। | প্রতিশব্দ। | উপসর্গাদি। | ধাতু। | প্রত্যয়। |
|---|---|---|---|---|
| ছল | প্রবঞ্চনা, চাতুরী, শঠতা। | ০ | ০ | ০ |
| রহিত | নিবৃত্ত, বদ্ধ, বর্জ্জিত। | ০ | ০ | ০ |
| অট্টালিকা | প্রাসাদ, হর্ম্ম্য, সৌধ। | ০ | ০ | ০ |
| তন্নিবন্ধন | তজ্জন্য, তন্নিমিত্ত। | তদ,নি | বন্ধ | অনট |
| প্রাণান্তে | জীবনশেষে, প্রাণ বিয়োগে। | ০ | ০ | ০ |
| শাস্তি | দণ্ড, প্রতিফল, সাজা। | ০ | শাস | ক্তি |

## ন্যায় পরায়ণ দ্বারবান্।

| শব্দ। | প্রতিশব্দ | উপসর্গাদি। | ধাতু। | প্রত্যয়। |
|---|---|---|---|---|
| স্বত্ব | অধিকার, অধীনত্ব। | ০ | ০ | ০ |
| আত্মসাৎ * | আত্মাধীন, হস্তগত। | ০ | ০ | ০ |
| ঘোষণা | প্রচার, প্রকাশ। | ০ | ঘুষ | অন |

* আত্মন্ শব্দোত্তর চসাৎ প্রত্যয়ে---আত্মসাৎ

| শব্দ। | প্রতিশব্দ। | উপসর্গাদি। | ধাতু। | প্রত্যয়। |
|---|---|---|---|---|
| ধনস্বামী | অর্থপতি, বস্বধিকারী। | ০ | ০ | ০ |
| জিদ | প্রকৃত, আম্রেড়িত। | ০ | ০ | ০ |
| সংবাদ | সমাচার, খবর। | সং | বদ | ঘঞ |
| দ্বারবান্ * | দৌবারিক, প্রতিহারী, দ্বাররক্ষক। | ০ | ০ | ০ |
| কৃতজ্ঞতা | প্রত্যুপকারিতা। | ০ | ০ | ০ |
| পারিতোষিক | পুরস্কার, তুষ্টিজনক দান। | ০ | ০ | ০ |
| অন্ততঃ | ন্যূনাকল্পে, শেষে। | ০ | ০ | ০ |
| বিতরণ | দান, অর্পণ। | বি | তৃ | অনট |

---

## মোজেস্ রথ চাইল্ড।

| শব্দ। | প্রতিশব্দ। | উপসর্গাদি। | ধাতু। | প্রত্যয়। |
|---|---|---|---|---|
| রাজধানী | রাজকীয় প্রধান স্থান। | ০ | ০ | ০ |
| সঙ্গতিসম্পন্ন | ধনসম্পন্ন, অর্থশালী, ঐশ্বর্য্যবন্ত। | সঙ্গতি, সং। | পদ | অনট |
| খ্যাতি | নাম, যশঃ। | ০ | খ্যা | ক্তি |
| প্রত্যর্পণ | ফিরিয়া দেওন, পুনস্ত্যাগ। | প্রতি | ঋ | অনট |
| তন্নতন্ন | পাতিপাতি, পুঙ্খানুপুঙ্খরূপ। | ০ | ০ | ০ |
| সুপ্রতুল | স্বচ্ছল। | ০ | ০ | ০ |
| সন্ধি | মিলন, পরস্পর ঐক্য। | ০ | ০ | ০ |
| উত্তমর্ণ | ঋণদাতা, মহাজন। | উত্তম | ঋ | অল |

* দ্বার শব্দোত্তর বতু প্রত্যয়ে—দ্বারবান।

## পরকীয় খ্যাতি বিষয়িণী ন্যায় পরতা।

| শব্দ। | প্রতিশব্দ। | উপসর্গাদি। | ধাতু। | প্রত্যয়। |
| --- | --- | --- | --- | --- |
| প্রতীতি | বিশ্বাস, প্রত্যয়। | প্রতি | ইন | ক্তি |
| আরোপ | মিথ্যাদেশ, কল্পনা। | আ | রুহ | অল |
| অপবাদ | অখ্যাতি, নিন্দা, দুর্নাম। | অপ | বদ | ঘঞ |
| অসূয়া | গুণেতে দোষারোপ, পরিবাদ। | ০ | ০ | ০ |
| ক্ষালণ | ধৌতকরণ, শোধনকরণ। | ০ | ক্ষাল | অনট |
| প্রত্যাহরণ | আকর্ষণ, ফিরিয়া আগমন। | প্রতি, আ। | হৃ | অনট |
| অলঙ্কার | ভূষণ, আভরণ, গহনা। | অলং | কৃ | ঘঞ |

## মিথ্যাপবাদে সেক্রেটিসের প্রাণ দণ্ড।

| শব্দ। | প্রতিশব্দ। | উপসর্গাদি। | ধাতু। | প্রত্যয়। |
| --- | --- | --- | --- | --- |
| সম্মতি | অভিপ্রায়, অনুজ্ঞা, মত। | সং | মন | ক্তি |
| অণু | কণা, লেশ, বিন্দু। | ০ | ০ | ০ |
| মিথ্যাপবাদ | অমূলক পরিবাদ। | মিথ্যা, অপ | বদ | ঘঞ |
| এড়ান | উত্তীর্ণ, বিমুক্ত। | ০ | ০ | ০ |
| ধর্ম্মতত্ত্ব | কর্ত্তব্যকর্ম্মানুষ্ঠানের যথার্থমর্ম্ম। | ০ | ০ | ০ |
| মনোরঞ্জনকারী। | চিত্ত সন্তোষক, চিত্তানন্দ দায়ক। | ০ | ০ | ০ |
| বাক্য বিন্যাস | বচন প্রয়োগ। | বাক্য, বি | ন্যস | ঘঞ |

| শব্দ। | প্রতিশব্দ। | উপসর্গাদি। | ধাতু। | প্রত্যয় |
|---|---|---|---|---|
| উপদেশবশবর্ত্তী। | আদেশ পরতন্ত্র, শিক্ষাধীন। | ০ | ০ | ০ |
| কুনীতি | মন্দরীতি, কুসংস্কার। | কু | নী | ক্তি |
| উৎসন্ন | ধ্বংস, বিনষ্ট। | উৎ | সদ | ক্ত |
| চক্রান্ত | ষড়যন্ত্র, পরস্পর ঐক্য সত্তে যুক্তি নির্দ্ধারণ। | ০ | ০ | ০ |
| সংস্কার | জ্ঞান, ব্যুৎপত্তি। | সং | কৃ | ঘঞ |
| বিশুদ্ধচরিত্র | সচ্চরিত্র, নির্ম্মলান্তকরণ। | বি, শুদ্ধ | চর | ক্ত |
| তত্ত্বজ্ঞানী | ব্রহ্মজ্ঞানী, পরমার্থবিৎ। | ০ | ০ | ০ |
| প্রাড়বিবাক | বিচারকর্ত্তা বিশেষ। | ০ | ০ | ০ |

## কর্ত্তব্যানুষ্ঠান বিষয়িণী ন্যায়পরতা।

| শব্দ। | প্রতিশব্দ। | উপসর্গাদি। | ধাতু। | প্রত্যয়। |
|---|---|---|---|---|
| নিয়োগকর্ত্তা | নিযুক্তকারী, প্রবর্ত্তক। | নিয়োগ | কৃ | তৃণ |
| প্রতারণা | প্রবঞ্চনা, শঠতা। | ০ | ০ | ০ |
| কালিকনিয়ম | সময় নির্দ্ধারিত প্রথা। | ০ | ০ | ০ |
| অশঙ্কুচিতচিত্ত | নিশঙ্কান্তঃকরণ। | ০ | ০ | ০ |

## জর্জ ওয়াসিংটন।

| শব্দ। | প্রতিশব্দ। | উপসর্গাদি। | ধাতু। | প্রত্যয় |
|---|---|---|---|---|
| বিগ্রহ | যুদ্ধ, আহব, সংগ্রাম। | বি | গ্রহ | অল |

| শব্দ। | প্রতিশব্দ। | উপসর্গাদি। | ধাতু। | প্রত্যয়। |
|---|---|---|---|---|
| সামাজিক * | সভাসদ, পারিষদ, সভ্য। | ০ | ০ | ০ |
| কর্ম্মদক্ষ | কার্য্যক্ষম, কর্ম্মঠ। | ০ | ০ | ০ |
| অভিলাষী | প্রার্থী, আকাঙ্ক্ষী। | ০ | ০ | ০ |
| বন্ধুতানিবন্ধন | সৌহার্দ্দ্য জন্য। | ০ | ০ | ০ |

## প্রাড্বিবাক গাসকোইন।

| শব্দ। | প্রতিশব্দ। | উপসর্গাদি। | ধাতু। | প্রত্যয়। |
|---|---|---|---|---|
| সদসদ্বিবেচনা | হিতাহিত বিবেচনা। | সৎ, অসৎ | বিচ | অনট্ |
| উগ্রস্বভাব | প্রচণ্ড প্রকৃতি, গোঁয়ার। | উগ্র, স্ব | ভূ | ঘঞ |
| লম্পট | কামুক, ষিড়্গ। | ০ | ০ | ০ |
| উচ্ছৃঙ্খল | নিয়মোল্লংঘী, কুব্যবহারী। | ০ | ০ | ০ |
| সহচর | সমভিব্যাহারী, সঙ্গী। | সহ | চর | অল |
| যুবরাজ | নরেন্দ্রনন্দন, রাজকুমার। | ০ | ০ | ০ |

## ঋণ বিষয়িণী ন্যায়পরতা।

| শব্দ। | প্রতিশব্দ। | উপসর্গাদি। | ধাতু। | প্রত্যয়। |
|---|---|---|---|---|
| দস্যুবৃত্তি | চৌর্য্যবৃত্তি, ডাকাইতি। | দস্যু | বৃত | ক্তি |
| প্রতিবন্ধক | ব্যাঘাত, বিঘ্ন। | ০ | ০ | ০ |

* সমাজ শব্দোত্তর ষ্ণিক প্রত্যয়ে—সামাজিক।

## জর্জ লুইস।

| শব্দ। | প্রতিশব্দ। | উপসর্গাদি। | ধাতু। | প্রত্যয়। |
|---|---|---|---|---|
| ধনাগার | কোষ, ধনরক্ষণ স্থান। | ০ | ০ | ০ |
| রাজস্ব | রাজকর, খাজনা। | ০ | ০ | ০ |
| বিপদগ্রস্ত | বিপন্ন, আপদাক্রান্ত। | বিপদ | গ্রস | ক্ত |
| উদ্বৃত্ত | অতিরিক্ত, অবশিষ্ট। | উৎ | বৃৎ | ক্ত |

## অকপট ব্যবহার।

| শব্দ। | প্রতিশব্দ। | উপসর্গাদি। | ধাতু। | প্রত্যয়। |
|---|---|---|---|---|
| সর্ব্বথা * | সর্ব্বপ্রকার, সম্যকরূপ। | ০ | ০ | ০ |
| চুল | কেশ, কুন্তল, কচ। | ০ | ০ | ০ |
| প্রতারিত | প্রবঞ্চিত। | প্র | তৃ | ণ্যন্ত, ক্ত |
| ক্রেতা | ক্রয়কারী। | ০ | ক্রী | তৃণ |
| যুক্তি | পরামর্শ। | ০ | যুজ | ক্তি |
| শ্রীবৃদ্ধি | উন্নতি, উত্তরোত্তর উত্তমাবস্থা হওয়া। | শ্রী | বৃধ | ক্ত |
| রাজদণ্ড | রাজশাস্তি। | ০ | ০ | ০ |

## ন্যায় পরায়ণ বালক।

| শব্দ। | প্রতিশব্দ। | উপসর্গাদি। | ধাতু। | প্রত্যয়। |
|---|---|---|---|---|
| পট্টবস্ত্র | দুকূল, পাটের কাপড়। | ০ | ০ | ০ |

* সর্ব্ব শব্দোত্তর থাচ্ প্রত্যয়ে—সর্ব্বথা।

| শব্দ। | প্রতিশব্দ। | উপসর্গাদি। | ধাতু। | প্রত্যয়। |
|---|---|---|---|---|
| মনোনীত | অভিমত, পছন্দ। | মনস | নী | ক্ত |
| উত্তীর্ণ | উপনীত, উপস্থিত। | উৎ | তৃ | ক্ত |
| উপকৃত | উপকার বিশিষ্ট। | উপ | কৃ | ক্ত |
| অধীশ্বর | রাজা, নৃপতি, ভূপাল। | অধি | ঈশ | বর |

## প্রতিজ্ঞা প্রতিপালন।

| শব্দ। | প্রতিশব্দ। | উপসর্গাদি। | ধাতু। | প্রত্যয়। |
|---|---|---|---|---|
| মিথ্যাবাদী | অযথার্থবক্তা, মৃষাভাষী। | ০ | ০ | ০ |
| আশ্বাস | প্রত্যাশা, ভবিষ্যৎ শুভাশা। | আ | শ্বস | ঘঞ |
| নির্ভর | অবলম্বন, ভরসা, তন্মাত্রাশ্রয়। | নির | ভৃ | অল |
| ব্যবস্থা | বিধান, কর্ম্মপ্রণালী, শাস্ত্র নিরূপিত বিধি। | বি, অব | স্থা | অল |
| প্রকৃত | যথার্থ, ন্যায্য। | প্র | কৃ | ক্ত |
| নিরাশ | হতাশ্বাস, আশাশূন্য। | ০ | ০ | ০ |
| অসার | সারহীন, অকর্ম্মণ্য। | নঞ | সৃ | ঘঞ |

## মুর ও স্পেনদেশীয় লোক।

| শব্দ। | প্রতিশব্দ। | উপসর্গাদি। | ধাতু। | প্রত্যয়। |
|---|---|---|---|---|
| প্রাচীর | ভিত্তি, বেষ্টন, দেয়াল। | ০ | ০ | ০ |
| শরণাগত | আশ্রিত, প্রপন্ন। | শরণ, আ | গম | ক্ত |

| শব্দ। | প্রতিশব্দ। | উপসর্গাদি। | ধাতু। | প্রত্যয়। |
|---|---|---|---|---|
| মুরঘাতক | প্রাণ হন্তা। | মুর | হন | ণক |
| নিরুদ্বেগ | নিশ্চিন্ত, নির্ভাবনা। | নির, উৎ | বিজ | ঘঞ |
| অন্ধকার | তিমির, ধ্বান্ত, তমঃ। | অন্ধ | কৃ | ঘঞ |
| প্রাণহন্তা | অসু সংহার, প্রাণঘাতক। | প্রাণ | হন | তৃণ |
| পুত্রঘাতক | তনয় বিনাশক, পুত্রহন্তারক। | ০ | ০ | ০ |
| দ্রুতগামী | বেগগামী, সত্বর গমনশীল। | দ্রুত | গম | ইন |
| প্রাণদণ্ড | জীবন সংহার, অসু বিনাশ। | ০ | ০ | ০ |

---

## সত্য।

| শব্দ। | প্রতিশব্দ | উপসর্গাদি। | ধাতু। | প্রত্যয়। |
|---|---|---|---|---|
| সত্যপরায়ণ | যথার্থবাদী, নৃতভাষী। | সত্য, পর | ইন | অনট |
| অবজ্ঞেয় | অশ্রদ্ধেয়, ঘৃণার্হ। | অব | জ্ঞা | য |
| অপকারক | অনিষ্টকারী, অহিতকর। | অপ | কৃ | ণক |
| পথিক | পান্থ, অধ্যগ। | ০ | ০ | ০ |
| দস্যুসংকীর্ণ | দুর্জ্জন পরিব্যাপ্ত। | দস্যু, সং | কৃ | ক্ত |
| প্রান্তর | দুর্গমপথ, বন, মাট। | ০ | ০ | ০ |
| হিংস্র | মারাত্মক, হত্যাকারী। | ০ | হিংস | র |
| অনবরত | নিরন্তর, সর্ব্বদা। | ০ | ০ | ০ |
| নরাধম | নীচ, পামর। | ০ | ০ | ০ |
| ব্যগ্রতা | ব্যস্ততা, ব্যাকুলতা। | ০ | ০ | ০ |
| উৎকর্ষ | উত্তমতা, উৎকৃষ্টতা। | উৎ | কৃষ | অল |
| শ্রোতা | শ্রবণকারী। | ০ | শ্রু | তৃণ |

## এমীলিয়া।

| শব্দ। | প্রতিশব্দ। | উপসর্গাদি। | ধাতু। | প্রত্যয়। |
|---|---|---|---|---|
| দৈববসাৎ | দৈবাধীন, হঠাৎ। | ০ | ০ | ০ |
| স্ত্রীধন | স্ত্রীসম্পত্তি, স্ত্রীদিগের অর্থ। | ০ | ০ | ০ |
| নিষ্কৃতি | মুক্তি, উদ্ধার, নিস্তার। | নির্ | কৃ | ক্তি |
| অংশী | ভাগী। | ০ | ০ | ০ |
| গর্ব্বিতা | প্রলব্ধা, অহঙ্কৃতা। | ০ | ০ | ০ |
| নিঃসন্দেহ | নিশ্চয়, নিঃসংশয়। | নির্, সং. | দিহ্ | অল |
| সরলতা | অকপটতা, দাক্ষিণ্য। | ০ | ০ | ০ |
| অধার্ম্মিক * | অন্যায়কারী, অধর্ম্মপরায়ণ, কুব্যবহারী। | ০ | ০ | ০ |
| আত্মাভিমানী | স্বকীয়গর্ব্বকারী, আত্মশ্লাঘাকারী। | ০ | ০ | ০ |
| উচ্ছিন্ন | ধ্বংস, নষ্ট। | উৎ | ছিদ্ | ক্ত |
| পান্থনিবাস | পান্থশালা, সরাই। | পান্থ, নি | বস | ঘঞ |
| পদব্রজ | চরণ দ্বারা গমন। | ০ | ০ | ০ |
| প্রলাপবাক্য | খেদোক্তি, বিলাপ বচন। | প্রলাপ | বচ | ঘ্যণ |
| নির্দ্দোষতা | অনপরাধতা, নিষ্কলঙ্কতা। | ০ | ০ | ০ |
| রোগাপনোদন | পীড়া শান্তি। | রোগ, অপ্ | নুদ | অনট |

## মহানুভাবতা।

| শব্দ। | প্রতিশব্দ। | উপসর্গাদি। | ধাতু। | প্রত্যয়। |
|---|---|---|---|---|
| তুচ্ছ | সামান্য, অধম, নীচ। | | | |

* অধর্ম্ম শব্দোত্তর ষ্ণিক প্রত্যয়ে—অধার্ম্মিক।

| শব্দ। | প্রতিশব্দ। | উপসর্গাদি। | ধাতু। | প্রত্যয় |
|---|---|---|---|---|
| ঈর্ষা | দ্বেষ, হিংসা। | ০ | ০ | ০ |
| পরশ্রীকাতর | হিংসক, পরধনে ঈর্ষাপর, পরশুভাসন্তুষ্ট। | ০ | ০ | ০ |
| লঘুচেতা। * | অধমপ্রকৃতি, নীচ স্বভাব। | ০ | ০ | ০ |
| বিফলপ্রযত্ন | হতোদ্যম, নৈরাশ। | বিফল,প্র | যত | ক্ত |
| সমকক্ষ | তুল্য, স্বসদৃশ। | ০ | ০ | ০ |
| অসাবধানতা | অসতর্কতা। | ০ | ০ | ০ |
| বিদ্বেষাচরণ | নৃশংস ব্যবহার, অনিষ্টা-চরণ, বিপক্ষতা। | ০ | ০ | ০ |
| বিরল | অত্যল্প, অঘন, ফাঁক ফাঁক। | ০ | ০ | ০ |
| বাগ্মী | সদ্বক্তা, বক্তৃতাকারক। | ০ | ০ | ০ |
| রোষ | ক্রোধ, রাগ, কোপ। | ০ | রুষ | অল |
| অভিযোক্তা | অভিযোগকর্ত্তা, বাদী। | অভি | যুজ | তৃণ |
| যথাযোগ্য | যথা বিহিত, যথোচিত। | যথা | যুজ | ঘ্যণ |

## হেবনার শাসনকর্ত্তা।

| শব্দ। | প্রতিশব্দ। | উপসর্গাদি। | ধাতু। | প্রত্যয়। |
|---|---|---|---|---|
| ন্যায়বিরুদ্ধ | অন্যায়, গর্হিত। | ন্যায়,বি | রুধ | ক্ত |
| দূষিত | কলঙ্কিত। | ০ | দুষ | ক্ত |
| সর্ব্বস্ব | সমস্ত সম্পত্তি, সকল ধন। | ০ | ০ | ০ |

* লঘুচেত শব্দোত্তর অস্ প্রত্যয়ে—লঘুচেতস্ শব্দ তদনন্তর প্রথমা বিভক্তিতে লঘুচেতা।

| শব্দ। | প্রতিশব্দ। | উপসর্গাদি। | ধাতু। | প্রত্যয়। |
|---|---|---|---|---|
| নির্দ্দয়ব্যবহার | নৃশংস ব্যবহার, নিষ্ঠুরাচার। | ০ | ০ | ০ |
| যুদ্ধজাহাজ | সংগ্রামার্ণবতরণী। | ০ | ০ | ০ |
| আজ্ঞাপত্র | অনুমতি পত্র। | ০ | ০ | ০ |

---

## স্বদেশানুরাগ।

| শব্দ। | প্রতিশব্দ। | উপসর্গাদি। | ধাতু। | প্রত্যয়। |
|---|---|---|---|---|
| স্বদেশানুরাগ | আত্মদেশ প্রতি প্রীতি। | স্ব, দেশ, অনু | রঞ্জ | ঘঞ |
| অপকৃষ্ট | কুৎসিত, অধম। | অপ | কৃষ | ক্ত |
| স্নেহসম্পন্ন | অনুরাগবিশিষ্ট। | স্নেহ, সং | পদ | ক্ত |
| আক্রমণ | অবরোধ, ব্যাপন। | আ | ক্রম | অনট |
| তথাহি | পূর্ব্ববাক্য বিশেষ বোধক। | ০ | ০ | ০ |
| তদনুবর্ত্তী | তদনুযায়ী, সেইরূপ। | তৎ, অনু | বৃত | ইন |
| বিরাগ | ঔদাস্য, গ্রাম্যতা। | বি | রঞ্জ | ঘঞ |
| অনিষ্টজনক | অমঙ্গলদায়ক, অহিতকর। | অনিষ্ট | জন | ণক |
| পরিহার | পরিবর্জ্জন, ত্যাগ। | পরি | হৃ | ঘঞ |
| হিতসাধন | শুভ সম্পাদন। | হিত | সাধ | অনট |
| তৎপর | অনুরক্ত, আসক্ত। | ০ | ০ | ০ |
| বিশুদ্ধ | নির্ম্মল, নির্দ্দোষ। | বি | শুধ | ক্ত |

---

## কালীস্ দেশের অবরোধ।

| শব্দ। | প্রতিশব্দ। | উপসর্গাদি। | ধাতু। | প্রত্যয় |
|---|---|---|---|---|
| পুরবাসী | নগর নিবাসী। | পুর | বস | ইন |
| সমর্পণ | প্রদান। | সং | অর্প | অনট |
| আহারাভাব | অনশন, অন্নাভাব। | আহার | ভূ | ঘঞ |
| প্রস্তাবিত | কথিত, নির্দ্দেশিত। | প্র | স্তু | ঞ্যন্ত,ক্ত |
| পণ | প্রতিজ্ঞা, অঙ্গীকার। | ০ | ০ | ০ |
| আপত্তি | প্রতিবন্ধক, আপদ। | আ | পদ | ক্তি |
| পাশ | রজ্জু, গুণ, দড়ি। | ০ | ০ | ০ |
| দুর্গ | পরীখা, গড়। | ০ | ০ | ০ |
| প্রতিনিধি | তৎসদৃশ, তৎস্থানীয়। | ০ | ০ | ০ |
| কথঞ্চিৎ | ক্লেশে, কষ্টে। | ০ | ০ | ০ |
| প্রস্তাব | বিষয়, প্রসঙ্গ। | প্র | স্তু | ঘঞ |
| পত্রারূঢ় | মুদ্রিত, পত্রে প্রকাশিত। | পত্র,আ | রুহ | ক্ত |
| প্রেরিত | প্রেষিত। | প্র | ইষ | ক্ত |
| পরিতাপ | শোক, মনস্তাপ। | পরি | তপ | ঘঞ |
| নিঃস্বার্থ | নিষ্প্রয়োজন, নিরভিলাষ। | ০ | ০ | ০ |
| স্বদেশহিতৈষিতা। | আত্মদেশ শুভ সাধকতা। | ০ | ০ | ০ |
| তর্ক বিতর্ক | বাদানুবাদ। | ০ | ০ | ০ |
| নিষ্ক্রয় | বিনিময় বদল। | নির | ক্রি | অল |
| হীনবেশ | সামান্য পরিচ্ছদ। | ০ | ০ | ০ |

| শব্দ। | প্রতিশব্দ। | উপসর্গাদি। | ধাতু। | প্রত্যয়। |
|---|---|---|---|---|
| রাজপরিচ্ছদ | নৃপতি নেপথ্য। | রাজ, পরি | ছদ | অল |
| শোভাকর | মনোহর, রমণীয় | শোভা | কৃ | অল |
| শিরশ্ছেদন | মস্তক কর্ত্তন। | শিরস | ছেদ | অনট |
| রাজমহিষী | রাজ্ঞী, রাণী। | ০ | ০ | ০ |
| কারুণ্যসঞ্চার | দয়াবির্ভাব। | কারুণ্য, সং | চর | ঘঞ |
| দয়াবতী | করুণা বিশিষ্ট। | ০ | ০ | |

সমাপ্ত।

ক
৩৬৯

শ্রীশ্রীদুর্গা।

শরণং।

# ধীরাজ চরিত্র।

কলিকাতার অন্তঃপাতি পলতা গ্রাম নিবাসি

শ্রী শ্যামানাথ রায় চতুর্ধুরিকৃত।

শ্রীরামপুরের "তমোহর" যন্ত্রে

শ্রী জে এচ্ পীটর্স সাহেবকর্ত্তৃক মুদ্রিত হইল।

সন ১২৬১ সাল।

# ধীরাজ চরিত্র।

হে অস্মদ্দেশীয় আর্য্য মহাশয়গণ কিমাশ্চর্য্যাই বিলোকন করিয়াছি যদিচ বহুদিনাবধি বর্ত্তমান ধীমান বর্দ্ধমান ভূপালের যাবদীয় রাজকীয় ব্যাপারাদি বিষয়ে মহাশয়েরা প্রবুধ্যমান আছেন তথাচ সম্প্রতি নৃপতি সাম্প্রতি যদ্রূপ প্রীতি প্রকাশ করিয়াছেন এবং মৎকর্ত্তৃক করুণা নিধান পৃথ্বীনাথ বাহাদুরের যদ্রূপ মনোবৃত্তি দৃশ্যমান হইয়াছে এবং তজ্জনিত যে আনন্দ সে আমার হৃদয়াকাশকে ব্যাপ্ত করিয়া স্বদেশপ্রিয় প্রিয় বান্ধবদিগকে পরিতুষ্টেচ্ছা করিতেছে অতএব মহাশয়দিগকে বিজ্ঞাত না করিয়া আর স্থিরতর হইতে পাবি না এতন্নিমিত্ত ধীরাজ চরিত্র নামক পুস্তক দীপ্যমান করিতে প্রবর্ত্তমান হইলাম শ্রীমন্মহারাজাধিবাজ বাহাদুরের চারুদ্যান রম্য হর্ম্ম্যাদি এবং স্বর্গীয় যাবদীয় রাজ রাজ্যাদির স্থাপিত সুবিখ্যাত বিস্তারিত যে সেতুদি যাহার যশঃ কীর্ত্তি ভারত ভূমিকে ব্যাপ্ত করিয়া দূরতর প্রদেশে প্রবেশ করিয়াছে তৎকীর্ত্ত্যাদি কথনে অ[illegible] প্রয়োজনাভাব ভারতবর্ষবাসি ভূপালদিগের হিতেচ্ছু হ[illegible] মহারাজাধিরাজ বাহাদুরের শারীরিক ও মানসিক ভাব যাহা আমি প্রত্যক্ষে প্রদর্শন করিয়াছি তাহা ব্যাখ্যা করিতে বাসনা

করি যেহেতু তৎশ্রবণানুগমনে তাঁহারা সুফল লাভ করিতে পারিবেন রাজধর্ম্ম মধ্যে সত্য দয়া শীলতা ঈশ্বর নিষ্ঠা পরায়ণতা লোকধর্ম্মবিজ্ঞাতৃতা নিত্যোৎসাহিতা নির্ভয়তা অকপটতা সরলতা যত্ন তৎপরতা বিজ্ঞানদর্শিতা শাস্ত্রানুরাগিতা ধৈর্য্য শালিতা লোক হিতপরায়ণতা দানশৌণ্ডতা সুচতুরতা দূর দর্শিতা মিত ব্যয়শালিতা সুপরিচ্ছন্নতা মিত সঞ্চয়কারিতা নিত্য ধনবৃদ্ধ্যুৎসাহিতা সন্মন্ত্রি আশ্রয়িতা আশ্রিত প্রিয়ানুরাগিতা ব্যায়ামপরায়ণতা কষ্টসহিষ্ণুতা স্তুতি বাদানুরাগ রাহিত্যতা ন্যায়পরায়ণতা কপটধর্ম্মি প্রকৃতি বিজ্ঞাতৃতা ক্রোধরহিতৃতা জনকবৎসলতা এতং ঊনত্রিংশৎ গুণ শ্রেষ্ঠ হয় অস্মদদিগের করুণাময় জ্ঞানানুরাগি বর্দ্ধমান ভূপাল স্বপ্নাবস্থা ব্যতীত কদাচ মিথ্যা বিলোকন করেন না তাঁহার চিত্তাকাশ দয়াতেই আচ্ছন্ন হইয়াছে নিষ্ঠুরতা প্রচ্ছন্নভাবেতেও প্রবেশাবকাশ প্রাপ্ত হয় না তিনি বেদান্ত তর্কসিদ্ধান্ত ঈশ্বরানুরাগী কপটধর্ম্ম পরায়ণ নহেন তিনি পরম্পরা প্রসিদ্ধ কোন ধর্ম্মের প্রতি বিদ্বেষ করেন না লোক মনোরঞ্জনার্থে এতদ্রূপ প্রতীতি হয় নৃপ যেন সকল ধর্ম্ম আশ্রয় করিয়া ধর্ম্ম মর্য্যাদা রক্ষা করিতেছেন তিনি পূর্ব্বপরিচিত কি তৎসেবিত [illegible] আগন্তুক জনসমূহের অন্তর্বৃত্তি এক ক্ষণমাত্রই উপ[illegible] করিয়া যদ্রূপ যে জন তাহার সহিত তদ্রূপ ব্যব[illegible] করিয়া থাকেন প্রতারকেরা তাঁহাকে প্রবঞ্চনা করিতে [illegible]রে না সভ্যেরাও হতাদর হইয়া অসৎ ফল প্রাপ্ত হয় না ইহার অনেক উদাহরণ প্রাপ্ত হওয়া গিয়াছে কোন২ নগরীস্থ মান্যবংশোদ্ভব লোকেরা প্রণয়ভাবে তাঁহাকে প্রতারণা

করিতে গিয়া স্বয়ং তাঁহার করুণাহইতে প্রবঞ্চিত হইয়াছেন এবং ভাগীরথীতীরস্থ কোন২ দুর্দান্ত অশান্ত কৃতান্তসম ভূম্যধিকারী তাঁহার নিকট অনাদর প্রাপ্ত হইয়া হতমান হইয়াছেন। অবান্তর নানাদিগ্‌দেশীয় সভ্যেরা তাঁহার অপার কৃপা প্রাপ্ত হইয়া পরম কুতূহলে কালক্ষেপ করিতেছেন তিনি সর্ব্বদা আনন্দযুক্ত হাস্যবদন, ভয়ানক খেদেতেও তাঁহার মুখ বৈজাত্য প্রদর্শন হয় না এবং ক্রোধেতেও তাঁহার স্বাভাবিক উৎসাহ নষ্ট করিতে পারে না নির্ভয়তার বিষয় কি বিশেষ বর্ণন করিব তিনি তুরগারোহণে কানন প্রবিষ্ট হইয়া স্বহস্তে বিশাল ব্যাঘ্র ভল্লুকাদি বধ করিয়া থাকেন, অপর খেচরেরদিগের এমত সাধ্য কি যে রাজপুরী উল্লঙ্ঘন করে তাহারা তদ্রূপ বাসনাপর হইলেই স্বয়ং নৃপ আগ্নেয়াস্ত্রদ্বারা তৎক্ষণাৎ তাহারদিগকে নিপাতিত করেন, ক্রূরতা ধীরাজ বাহাদুরের কোপাগ্নিতে দগ্ধ হইয়া অসভ্যদেশে প্রয়াণ করিয়াছে তাঁহার সরলতার বিষয় পুরাকালের কবিরা বিজ্ঞাত থাকিলে বোধ করি উদাহরণ স্থল করিতেন তাঁহার সরল ভাব দর্শনে ক্রূরেরাও তৎকাল আত্মভাব পরিহার করিয়া অক্রূর হইয়া থাকে তাঁহার যত্নতৎপরতা গুণ অত্যাশ্চর্য্য স্বয়ং নৃপ উদ্যুক্ত হইয়া নিয়ত নিয়মিত বাসরে প্রধান২ কার্য্যালয়াবধি গোশালা পর্য্যন্তের তত্ত্বাবধারণ করিয়া হিতাহিত বিবেচনা করিয়া থাকেন। রাষ্ট্রমধ্যে হিতকারি বিজ্ঞান জ্ঞান বৃদ্ধি বাসনা সদা তাঁহার হৃদয়ে জাগরিতা আছে আহ্নিকী ও বেদ বেদান্তাদি শাস্ত্রার্থ শ্রবণে অলসতাকে বিনষ্ট করিয়া পণ্ডিতদিগের উৎসাহাধার হইয়াছেন। এবং বিদ্যা সকল স্বতঃপ্রসন্না হইয়া রাজগৃহপ্রবিষ্টা হওত লোকোপকার

করিতেছেন, অপর রাজা উর্দ্দিংলণ্ডীয় বঙ্গীয় এতৎত্রিভাষা শুশ্রূষণীয়ত্বরূপে প্রয়োগ করিতে পারগ হয়েন তাঁহার ধৈর্য্য গাম্ভীর্য্যের কথা কি বিশেষ ব্যাখ্যা করিব। তদবলোকনে ধীরেরাও সুস্থিরতা প্রাপ্ত হয়েন। অধৈর্য্যেরাও ধীরতা প্রাপ্ত হয় বিদ্যাকাঙ্ক্ষী ধনাকাঙ্ক্ষী রোগী ক্ষুৎপিপাসাতুর নিরাশ্রয়া গুর্ব্বিণী যোষা বাল বৃদ্ধ বিগতেন্দ্রিয় নরা এই সকল লোক নিয়ত অভিলষিত বিষয় প্রাপ্ত হইয়া অবিরত রাজাধিরাজ বাহাদুরের যশোগান করিতেছে ইহাতে তাঁহার যে কি পর্য্যন্ত লোকহিত পরায়ণতা ধর্ম্ম তাহা মহাশয়েরা সহসাই উপলব্ধি করিতে পারিবেন, তাঁহার দাতৃত্ব গুণের উদাহরণ স্থল প্রায়শঃ অভাব, ভুবন বিখ্যাত ফোর রোখ্ ছএর্ বাদশাহের বংশ প্রসূত লোকেরা তাঁহাকে আশ্রয় করিয়া মাসিক ত্রিংশত্ মুদ্রা বৃত্তি প্রাপ্ত হইতেছেন বঙ্গদেশে সুবিখ্যাত অতিমান্য গণ্য সিঙ্গুর নিবাসি বাবুবংশোদ্ভব সুপাত্রদিগকে তিনি ভূরি বৃত্তিসহিত উত্তমোত্তম মর্য্যাদকপদে নিযুক্ত করিয়াছেন এতদতিরিক্ত কত শতং দিগ্দেশীয় হতভাগ্য মান্যলোকেরা তাঁহাকে আশ্রয় করিয়া অভিলষিত বৃত্তি লাভে পরম সুখে লোকযাত্রা নির্ব্বাহ করিতেছেন তৎসংখ্যা নির্বিশেষ করিয়া বিজ্ঞাত করিতে অশক্ত, তাঁহার দীর্ঘ সূত্রিতা দোষ আদৌ নাই কার্য্যসমূহ শীঘ্র ধার্য্য করণ হেতুক তাঁহাকে প্রত্যুৎপন্নমতি কহিতে পারি, তিনি এমত সুচতুর যে তাঁহাকে হাব ভাব লাবণ্যাদিবিশিষ্টা পরমা কামিনীরাও মুগ্ধ করিতে পারে না বরং তাহারাই স্বতই প্রমুগ্ধা হইতে পারে আমি তাঁহার সহিত বাক্যালাপে এমত প্রবুদ্ধ হইয়াছি যে তিনি অনাগতবিধাতার ন্যায় বহু বিষয় অগ্রে জ্ঞাত হইতে পারেন, তাঁহার সাফল্য

রাজ্যোৎপন্ন লভ্য যাহার সংখ্যা শ্রবণ করিলে অনেক ধনাভিমানি লোকদিগের সংশয় জন্মে এমত প্রচুর পরিমিত ধন বর্ষেং আত্মপরোপকারেতেই ব্যয় করিয়া থাকেন, তিনি সে ধন হইতে সঞ্চয়নীয় ধন গ্রহণ করেন না, যেহেতুক স্বর্গবাসি ক্ষিতিপালেরা অপরিমিত ধন সঞ্চয় করিয়া রাজকোষ পরিপূর্ণ করিয়া গিয়াছেন একারণ অত্যধিক সঞ্চয় করা নীতিবিরুদ্ধ বিবেচনায় তদুৎসাহ করেন না, আমারদিগের প্রাণধন রক্ষাকর্ত্তা যে শ্রীল শ্রীযুক্ত গবর্ণর জেনরল বাহাদুর তাঁহার বাসগৃহোদ্যান পরিচারকাদি যদ্রূপ সুপবিচ্ছন্ন মহারাজাধিরাজ বাহাদুরের তদ্বৎ পরিষ্কৃত যাহা ঈক্ষণমাত্রেতেই মনোবৃত্তি বিচিত্র ভাবকে প্রাপ্ত হয়, আমারদিগের নৃপরাজ স্বর্গীয় রাজাদিগের সংগৃহীত ধন ব্যয় করেন না তাহা স্বতন্ত্র সতর্কতার সহিত রক্ষা করিতেছেন ইহাতে যে তাঁহার কিপর্য্যন্ত মিতসঞ্চয়কারিতাগুণ ভাসমান হইতেছে তাহা জানিতেই পারিতেছেন, তিনি স্বর্গীয় রাজাদিগের স্থাপিত রাজ্যাপেক্ষা অধিকার বৃদ্ধি করিয়াছেন এবং করণাশাও বলবতী আছে সাত্ত্বিকী শ্রদ্ধাতে শ্রদ্ধান্বিত যে মহান তারাচাঁদ চক্রবর্ত্তী যিনি সপরিবার শরীর ধারণোপযুক্ত লোভপরবশ হইয়া অসত্যকে দূরীভূত করিয়াছেন এমত সুধীজন মহারাজাধিরাজ বাহাদুরের প্রধান সচিবত্ব কার্য্যে নিযুক্ত আছেন তাঁহার সমন্ত্রণায় রাজা অনেক ধর্ম্মাচরণ করিয়া অবশেষ নির্বিশেষ নিরঞ্জন বস্তুকে প্রাপ্ত হইয়া চিত্তের বিশ্রাম প্রাপ্ত হইতে পারিবেন, অপর তিনি এমত সূক্ষ্মদর্শী যে কোন জমিদারিবিষয় বন্দোবস্তকালীন তাঁহার হস্তবুদ দেখিতে হয় না অমনিই বুঝে লন মোকদ্দমা ফহেমির কথা কি ব্যাখ্যা করিব

পঞ্চু বাবু প্রভৃতি মহোদয়েরা কোন মামেলা সম্বন্ধীয় বিষয় উপস্থিত করিবামাত্রেই তৎক্ষণাৎ আদেশ প্রকাশ করেন রাজ কার্য্য পরিচালনীয় ব্যবস্থা সকল ইচ্ছামাত্রই প্রস্তুত করিতেছেন এবং তিনি এমত বিচক্ষণ যে কোন লোক তাঁহার সহিত সাক্ষাৎ করিলেই অমনি তাহার ফাজিল দোষটুক প্রবুদ্ধ হইয়া থাকেন তিনি নিরামিষভোজী তপস্বিবিশেষ কেবল রাজহিতেচ্ছু হইয়া বর্দ্ধমানে অবস্থিতি করেন অপরাপর প্রধান কর্ম্মদক্ষ ব্যক্তিদিগের কার্য্যদক্ষতা এবং রাজহিতৈষিতা গুণের বর্ণনা বিকাশ করা অতিবাঞ্ছনীয় হইয়াছে যেহেতু তাঁহারা মহাবংশ-জাত মর্য্যাদক উপযুক্ত লোক যে শ্রীযুক্ত বাবু মণিলাল বর্ম্মা এবং শ্রীযুক্ত বাবু মদনলাল বর্ম্মা অপর শ্রীযুক্ত বাবু যোগেন্দ্র-নাথ বর্ম্মা পরন্তু শ্রীযুক্ত বাবু পঞ্চুলাল বর্ম্মা অপরন্তু শ্রীযুক্ত লো-কনাথ মুখোপাধ্যায় মহাশয় যাঁহারা অহর্নিশি রাজসমীপে ছায়ার ন্যায় স্থিতি করিয়া সুচতুরতাপূর্ব্বক রাজকীয় যাব-দীয় বিষয়াবধারণ করিতেছেন ইহাতে নরেন্দ্রের সম্মন্ত্রি আশ্রয় স্বভাব জগদ্বিদিত হইয়াছে রাজপারিষদ এবং রাজকীয় কার্য্য বিবিধ গুণভূষিত কার্য্যদক্ষ বহুল জন নিযুক্ত আছেন নিরাশ্রয়ি হতভাগা কি সুসভ্য লোকেরা যাঁহারা একবার রাজাকে আশ্রয় করিয়াছেন তাঁহারদিগের জীবিত কালের মধ্য আর দ্বিতীয় আশ্রয়ানুসন্ধান করিতে হয় না, নৃপেন্দ্র ঐ সকল লোকেরদিগের হিতবর্দ্ধনের নিমিত্ত স্বতই যত্ন প্রকাশ করিয়া থাকেন তাঁহাকে কর্ম্মফল নাশ শক্তি ঈশ্বর প্রদান করেন নাই একারণ যে সকল হতভাগ্য দুর্বুদ্ধি জনেরা তদাশ্রয় পরিহার করিয়া ঘোর কষ্টে প্রবিষ্ট হইয়াছে কি হওনেচ্ছুক হইয়াছে ইহাতে নৃপবরের দো-

ষাভাস হইতে পারে না, হতভাগ্যদিগের অদৃষ্ট ফলই বিবেচনা করিতে হইবেক. পরিশ্রমশীলতার কথা হে দেশহিতৈষি ধীমানেরা শ্রবণমাত্রে বিচিত্র বোধ করিবেন প্রত্যহ প্রত্যূষে পদব্রজে দ্বিক্রোশ পরিমিত পথ ভ্রমণ করিয়া থাকেন, ইচ্ছাপরবশ হইলে পঞ্চষট্ ক্রোশ পথ পরিক্রমণ করিতে পারেন এক প্রহর পরিমিত কাল অনাশ্রয়ে দণ্ডায়মান থাকিতে পারেন শারীরিক শক্তি বৃদ্ধি নিমিত্ত মুদ্গরাদি ব্যায়াম ক্রীড়া অতি সুনিয়মে ব্যবহার করিয়া থাকেন এবং মানসিক শক্তিবৃদ্ধি নিমিত্ত নিত্যই যথা বিধানে বিবিধ হিতবোধক পুস্তকাবলোকনও করিয়া থাকেন, মৃগয়াকালীন যদ্রূপ কষ্টপরায়ণ হয়েন তদ্রূপ কষ্ট স্বীকার করিতে বোধ করি অনেক অত্যুৎসাহি শ্রমতৎপর লোকেরাও ভয় প্রাপ্ত হয়েন, তাঁহার শরীর অতি উজ্জ্বল বর্ণেতে দীপ্তিমান অনতিস্থূল দীর্ঘ এবং রণদক্ষ মল্ল শরীরের ন্যায় বিকৃত শরীর নহে নিতান্ত কোমলতাহেতুক দুর্বলের ন্যায় ভান হয় না সর্ব্বপ্রকারেই রাজশরীর প্রশংসাধার হইয়াছে এবং সেই পূজ্য শরীরের এতদ্রূপ প্রিয় দর্শন যে দর্শনমাত্রেই দর্শকেরা আনন্দ প্রাপ্ত হইয়া থাকেন এবং বিশেষ বিতর্কের সহিত অবলোকন করিলে শ্রমসহিষ্ণুতার অনেক লক্ষণ প্রাপ্ত হওয়া যায়, অনেক অপলাপবাদি স্তাবকেরা বিবেচনা করে যে রাজাকে স্তুতিদ্বারা বাধ্য করিয়া স্বকার্য্যোদ্ধার করিব তিনি অপলাপবাদি স্তাবকের বাক্যে তৃপ্ত হয়েন না, স্বরূপবাদি বিপক্ষবাক্যেতেও ঘৃণা করেন না, যেহেতু তিনি সত্যপরায়ণ তত্ত্ববিৎ তাঁহার ন্যায়পরায়ণতা গুণ ব্যাখ্যা করিতে একাখ্যায়িকা বক্তব্যা হয়; কোন দিবসাবসানে রাজসমীপে অস্মদীয় অবস্থিতি হইতে

ছিল তৎসময়ে পোলিস দারোগা উপস্থিতহেতুক রাজাদেশ হইল যে অত্র নগরীস্থ পল্লীমধ্যগত বর্ত্মসকল সামান্য প্রবাসি লোকের বাসগৃহের বর্দ্ধিত কুটীরাগ্রভাগে শকটাদির গতি রোধ হইয়াছে তন্মধ্যে সরকারি বহুল কুটীর গৃহাদিও আছে তাহা অগ্রে ভগ্ন করিয়া পশ্চাৎ অন্যদিগের গৃহ ভগ্ন করিয়া দিবা, অপরাধি ব্যক্তি স্বকৃতাপরাধ স্বীকার করিয়া যদি ক্ষমা প্রার্থনা করে তবে নৃপবর তৎক্ষণাৎ স্বীয় সারল্য স্বভাবহেতুক তদ্দোষ মার্জ্জনা করেন এবং নিতান্ত অপরাধি ব্যক্তিকেও কটূক্তি কহেন না অথচ বিহিত দণ্ড করিতে নিবৃত্ত থাকেন না নীরস কর্কশ বাক্য যে কিরূপ অনুমান করি তাহা তিনি স্বপ্নাবস্থাতেও শ্রবণ ও প্রয়োগ করেন না রাজকীয় কোন বিচার কার্য্য উপস্থিত হইলে তিনি স্বীয় ক্ষমতায় নিষ্পত্তি না করিয়া বহুতর সদস্যাহ্বান করিয়া বিচার কার্য্য নির্ণয় করিয়া থাকেন যেহেতুক তাঁহার অন্তর্বৃত্তি সদাশঙ্কা প্রাপ্তা হয় পাছে একাকী বিচার কার্য্যাবধারণ করিলে অবিচার প্রচার হয় একারণ রাজগৃহে সদস্যাহ্বান ব্যতীত বিচার প্রচলন হয় না হইাতে যে কি পর্য্যন্ত সদ্বিচার ঘোষণা হইয়াছে তাহা বিশেষরূপে ব্যক্ত করণাপ্রয়োজন তিনি অযোগ্য ক্রোধপরায়ণ নহেন একারণ ক্রোধ ক্রুদ্ধ হইয়া রাজশরীর প্রায় পরিত্যাগ করিয়াছে ফলতঃ তাঁহাকে ক্রুদ্ধ হইতে কখন অস্মদীয় অবলোকন হয় নাই তিনি যেৎ সময়ে লোক হিতরত বিদেহ যুক্তি প্রাপ্ত রাজরাজ্ঞী নিজ জনক জননীর জীবন যাত্রোপাখ্যান ব্যাখ্যা করিয়াছেন তৎকালে আমারদিগের এমত উদ্বোধোদয় হইয়াছিল যে জনক স্নেহ যেনরাজশরীরকে অবশতাপন্ন করিয়া অশ্রু

নিপাতিত করাইতেছে ইহাতে তাঁহার জনকের বাৎসল্য গুণ ভাসমান হইয়াছে অপর অনেক কপট ধার্ম্মি নানারূপ ধর্ম্মপরিচ্ছদ ধারণ এবং ইষ্টনিষ্ঠা প্রকাশ করিয়া স্বকীয় ধার্ম্মিকতা প্রদর্শনদ্বারা রাজ চিত্তাকৃষ্ট করিয়া মোহ প্রদান করিতে পারে না অপলাপবাদি জ্যোতির্বিদদিগের কথায় প্রমোহিত হইয়া তিনি কোনরূপ মিথ্যানুষ্ঠান করিয়া অসৎ সংকল্পের অনুগামী হয়েন না যে সকল প্রতারক পুরুষ রাজার ন্যায় শ্মশ্রু বেশাদি ধারণ করিয়া রাজসমীপে মর্য্যাদেচ্ছা করে রাজা ঐ প্রতারকদিগকে মান্য করেন না এবং ব্রহ্মজ্ঞানাভিমানি অসৎ পথগামি পুরুষকেও তিনি শ্রদ্ধা করেন না তিনি সুবেশ কেশধারণ করিতে প্রিয় ব্যক্তিদিগকে উপদেশ করিয়া থাকেন অত্র স্থলে প্রসঙ্গাতীত বিষয় দ্বয় অস্মদের নিতান্ত লিখিতব্য হইয়াছে বিলিয়ার্ডনামক ইউরোপদেশীয় ক্রীড়াবিশেষে তিনি এমত পটুতা প্রাপ্ত হইয়াছেন যে তৎক্রীড়াজ্ঞ বিজ্ঞ সাহেব লোকেরাও পরাজিত হইয়াছেন তাঁহার কৃত সঙ্গীত অত্যন্ত ...ষণীয় রসভাবযুক্ত এবং শ্রোতৃদিগের অন্তঃকরণে আনন্দাধার হইয়াছে, ভূপালকৃত ব্রহ্মসঙ্গীত শ্রবণ করিলে তত্ত্ববিদেরাও অবশ্য ব্যাখ্যা করিয়া সন্তোষ চিত্ত হইতে পারেন, তাঁহার কৃত প্রেমরস যুক্ত কবিতা শ্রবণ করিলে প্রধানাপ্রধানেরা অবশ্যই স্বীকার করিবেন যে প্রেমরসজনিত রাজকৃত সঙ্গীতাবলি নিধু বাবুকৃত সঙ্গীত তুল্য কি তদুত্তম এতদ্রূপ নানা গুণেতে গণিত যে আমারদিগের নৃপরাজ তাঁহাকে আমরা সমদর্শিশান্ত বিবেকি নানা প্রকার সদুপাধি প্রদান করিয়া সম্বোধন করিতে পারি যেহেতু তদ্রূপোপাধি তাঁহার সম্বন্ধে স্বরূপত্বকে প্রাপ্ত

হইয়াছে অস্মদের এতদ্রূপ লিপিকার্য্যে এমত প্রতীতি ক
বেন না যে রাজশরীরে দোষাভাস নাই তিনি যখন
তিক দেহ ধারণ করিয়াছেন তখন সে দেহ অবশ্যই
দোষের গেহ হইয়াছে অস্মদেরদিগের ক্ষুদ্র বুদ্ধিতে সে দোষে
বিশেষোপলব্ধি হয় না প্রস্তাব সমাপ্ত কালীন রাজ সহোদর
শ্রীযুক্ত বাবু শ্যামচাঁদ বর্ম্মা ও শ্রীযুক্ত বাবু রাসবিহারী বর্ম্মা
এতদুভয় প্রণয়িভ্রাতার অসীম গুণ ব্যাখ্যা না করিয়া প্রস্তাব
সাঙ্গ করিতে পারি না প্রস্তাব বাহুল্য ভয়ে এইমাত্র বিজ্ঞাত
করিতেছি তাঁহারা যে কিরূপ সুসভ্য যিনি একবার আলাপ
করিয়াছেন তিনি আর তদগুণাপলাপ করিতে পারেন না ইতি
কলিকাতা নগরান্তঃপাতি পলতা নিবাসি শ্রীশ্যামানাথ রায় চতু
র্দ্ধুরিণা সংক্ষেপেণ বিরচিতোয়ং গ্রন্থঃ বঙ্গাব্দা ১২৬১ পৌষস্য
দ্বাবিংশতি দিবসে সমাপ্তমেতৎপুস্তকং।